গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.moulvibazar.gov.bd

স্মারক নং ৫১.০১.৫৮০০.০০০.১৪.০২৬.২৩ - ৬১

তারিখ ০২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ।
১৬ জানুয়ারী ২০২৩ খ্রিষ্টাব্দ।

**বিষয়: ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক উন্নয়ন খাতে ২য় পর্যায়ে বরাদ্দ প্রাপ্ত খাদ্যশস্যের (গম) প্রকল্প তালিকা অনুমোদন প্রসঙ্গে।**

সূত্র: ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা ৩১.১০.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.০০০০.০১১.১৪.০০৪.২৩.৩৫৪ নং স্মারক।
২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বড়লেখা, মৌলভীবাজার এর ১০.১২.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮১৪.০০০.৪১.১৬৬.২৩.১১৬০ নম্বর স্মারক।
৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুলাউড়া, মৌলভীবাজার এর ০৯.১১.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮৬৫.০০০.১৪.০০৩.২৩.৬০৪ নম্বর স্মারক।
৪। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাজনগর, মৌলভীবাজার এর ১৪.১২.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮৮০.০০০.১৪.১২৫.২৩.৪২৫ নম্বর স্মারক।
৫। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জুড়ী, মৌলভীবাজার এর ১২.১২.২০২৩ খ্রি: তারিখের ৫১.০১.৫৮৩৫.০০০.১৪.০৯৩.২৩.৪২৫ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক উন্নয়ন খাতে** বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী উপজেলায় **২য় পর্যায়ে** বরাদ্দপ্রাপ্ত খাদ্যশস্যের (গম) প্রকল্প তালিকা অনুমোদনের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করেছেন।

গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০২১ আলোকে আগামী জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন ও ২য় কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন সময়সীমা বৃদ্ধি সাপেক্ষে সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অনুকূলে নিম্নোক্তভাবে ও শর্তে এতদ্বারা উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রম | উপজেলার নাম | প্রকল্প সংখ্যা | উপ-বরাদ্দকৃত খাদ্যশস্যের (গম) পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | বড়লেখা | =০৬টি | =৩৫.৫৭৪২ (পঁয়ত্রিশ দশমিক পাঁচ সাত চার দুই) মে.টন | |
| ২. | কুলাউড়া | =০৮টি | =৪৪.৯১৩৫ (চুয়াল্লিশ দশমিক নয় এক তিন পাঁচ) মে.টন | |
| ৩. | রাজনগর | =০৪ টি | = ২৮.২৮৮৪ (আটাশ দশমিক দুই আট আট চার) মে.টন | |
| ৪. | জুড়ী | =০৩টি | =২২.৭৩১৬ (বাইশ দশমিক সাত তিন এক ছয়) মে.টন | |

২। এ ব্যয় বাজেট কোড নং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ (গম) খাত হতে নির্বাহ করা হবে।

শর্তাবলী :

১। ২০২৩-২০২৪ অর্থ বছরে ২য় কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন গত ৩১.১২.২০২৩ খ্রি: অতিক্রান্ত হয়েছে। ২য় কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন সময়সীমা বৃদ্ধি সাপেক্ষে প্রকল্পসমূহ অনুমোদন করা হলো।
২। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৩। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুচ্ছেদ ৩, ৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৪। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখাসহ ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা যাতে কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
৫। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৬। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
৭। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষঙ্গিক কাজ সম্পূর্ণ করে প্রকল্প কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
৮। নতুনভাবে তৈরীকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগীয় পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;
৯। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/ খাদ্যশস্য ছাড় করত হবে;
১০। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয় ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে;
১১। নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি তাঁর কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।

সংযুক্তি: বর্ণনামতে অনুমোদিত প্রকল্প তালিকা................পাতা।

২৬.০১.২৪
(ড. উর্মি বিনতে সালাম)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
ফোনঃ ০২৯৯৬৬৮৩২০২
e-mail: dcmoulvibazar@mopa.gov.bd

চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী, মৌলভীবাজার।

(চলমান পাতা: ০২)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ২৩৫, ২৩৬ ও ২৩৮, মৌলভীবাজার- ১,২ ও ৪।
২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৫। পরিচালক, (মুওপ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপপ্তর, ঢাকা।
৬। উপ-সচিব, (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৮। উপ-পরিচালক (কাবিখা-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৯। উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী, মৌলভীবাজার।
১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মৌলভীবাজার।
১১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, মৌলভীবাজার।
১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী, মৌলভীবাজার।
১৩। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী, মৌলভীবাজার।
১৪। উপজেলা হিসাব খাদ্য নিয়ন্ত্রক, বড়লেখা, কুলাউড়া, রাজনগর ও জুড়ী, মৌলভীবাজার।
১৫। অফিস কপি।